বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।
ক্রেডিট বিভাগ-১

পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং- ১৪/২০১৪ তারিখঃ ২৪/১১/২০১৪

বিষয়ঃ কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারণের মাধ্যমে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দেশীয় উন্নতজাত/শংকর জাতের গাভী পালন ঋণ কর্মসূচি।

দুগ্ধবতী গাভী পালনের জন্য ব্যাংকের বিদ্যমান ঋণদান কর্মসুচীগুলো বহাল রেখে কৃত্রিম প্রজনন কার্যক্রম সম্প্রসারনের মাধ্যমে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে দেশীয় উন্নতজাত/শংকর জাতের গাভী পালনের জন্য প্রস্তাবিত ঋন কর্মসূচী /নিয়মাচার বিগত ১৯.১১.২০১৪ তারিখে অনুষ্ঠিত পর্ষদের ৬২৪তম সভায় উপস্থাপন করা হলে পর্ষদ উহা সদয় অনুমোদন করেন-যা পরিপত্র আকারে জারী করা হলো।

০২। (ক) ঋনের নর্মস-দেশীয় উন্নত জাতের গাভীর জন্য ঃ

| | |
|---|---|
| ১. দেশীয় উন্নত জাতের গর্ভবতী কৃত্রিম প্রজননকৃত (Artificial Inseminated) গাভী ক্রয়<br>( দৈনিক ৩ থেকে ৫ লিটার পরিমানে কমপক্ষে ২৮০ দিন পর্যন্ত দুগ্ধ উৎপাদনযোগ্য গাভী) | ঃ ৫০,০০০/- টাকা। |
| ২.কৃত্রিম প্রজননকৃত গাভী পালন ও পরিচর্যা জনিত পরিচালন ব্যয়<br>(সবুজ ঘাস,সুষম খাদ্য, ভ্যাকসিনেশন,চিকিৎসা ও অন্যান্য পরিচালন ব্যয়) | ঃ ১০,০০০/-টাকা। |
| মোট | ঃ ৬০,০০০/- টাকা। |

(খ) ঋনের নর্মস- শংকর জাতের গাভীর জন্য ঃ

| | |
|---|---|
| ১.শংকর জাতের গর্ভবতী কৃত্রিম প্রজননকৃত (Artificial Inseminated) গাভী ক্রয়<br>(দৈনিক ৫ লিটার ও তদুর্ধ পরিমানে কমপক্ষে ৩০০ দিন পর্যন্ত দুগ্ধ উৎপাদনযোগ্য গাভী) | ঃ ৭০,০০০/- টাকা। |
| ২.কৃত্রিম প্রজননকৃত গাভী পালন ও পরিচর্যা জনিত পরিচালন ব্যয়<br>(সবুজ ঘাস,সুষম খাদ্য,ভ্যাকসিনেশন চিকিৎসা ও অন্যান্য পরিচালন ব্যয়) | ঃ ১০,০০০/-টাকা। |
| মোট | ঃ ৮০,০০০/- টাকা। |

(গ) সম্ভাব্য গ্রাহক নির্বাচনঃ-

বাংলাদেশের নাগরিক, জাতীয় পরিচয়পত্র /কৃষি কার্ডধারী, ১০/- টাকার ব্যাংক হিসাব ধারী প্রকৃত কৃষক এবং যারা পূর্ব হতে গাভী পালন করছেন তারা এই ঋণ কর্মসূচীর আওতাভূক্ত হবেন। প্রশিক্ষণ প্রাপ্ত ব্যক্তি,ব্যাংকের পরীক্ষিত ঋণ গ্রহীতা, গাভী পালনের ক্ষেত্রে যাদের অভিজ্ঞতা আছে এবং মহিলা উদ্যোক্তাগণ এক্ষেত্রে অগ্রাধিকার পাবেন। শাখা ব্যবস্থাপক ও মাঠকর্মী কর্তৃক স্থানীয় প্রাণিসম্পদ কার্যালয় থেকে তথ্য সংগ্রহ ও মাঠ পর্যায়ে জরীপ পরিচালনা পূর্বক সম্ভাব্য গ্রাহক নির্বাচন করা যেতে পারে। তবে কোন ব্যাংক/এনজিও প্রতিষ্ঠানের ঋণ গ্রহীতা এ কর্মসূচীর আওতায় ঋণ পাওয়ার যোগ্য হবেন না।

(ঘ) ঋণের মঞ্জুরী ক্ষমতা/সর্বোচ্চ ঋণসীমাঃ-

শাখা পর্যায়ে এ ঋণের মঞ্জুরী ক্ষমতা মুখ্য কর্মকর্তা পর্যন্ত সকল গ্রেডের শাখা ব্যবস্থাপক ০১(এক) টি কৃত্রিম প্রজননকৃত গর্ভবতী গাভী পালনের জন্য সর্বোচ্চ ৮০,০০০/- টাকা, উর্দ্ধতন মুখ্য কর্মকর্তা পর্যায়ের শাখা ব্যবস্থাপক ০২ (দুই)টি গর্ভবতী গাভী পালনের জন্য সর্বোচ্চ ১,৬০,০০০/-টাকা, সহকারী মহাব্যবস্থাপক পর্যায়ের শাখা ব্যবস্থাপক ০৩ (তিন)টি গর্ভবতী গাভী পালনের জন্য সর্বোচ্চ ২,৪০,০০০/-টাকা এবং কর্পোরেট শাখার উপ-মহাব্যবস্থাপক/আঞ্চলিক/মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপকগন ০৪(চার)টি গর্ভবতী গাভী পালনের জন্য সর্বোচ্চ ৩,২০,০০০/-টাকা পর্যন্ত ঋণ মঞ্জুর করতে পারবেন। এ কর্মসূচীর আওতায় প্রকল্প আকারে স্ব-স্ব মঞ্জুরী ক্ষমতায় ঋণ মঞ্জুরী করা যাবে ।

(ঙ) জামানত/সহায়ক জামানতঃ-

এ কর্মসূচীর ঋণ ব্যাংকের প্রচলিত নিয়মে গ্রহণযোগ্য জামানত/সহায়ক জামানত যথা-জমি,দালানবাড়ী ইত্যাদির এমসিএল দ্বারা আবৃত থাকবে। জামানত হিসাবে কৃষকদের গ্রামীন বসতভিটা গ্রহণযোগ্য হবে না। তবে সিটি কর্পোরেশন ও পৌর এলাকার পাকা দালানবাড়ী সহায়ক জামানত হিসাবে গ্রহণ করা যাবে।

(চ) ঋণ প্রস্তাব প্রক্রিয়াকরণ/ঋণমঞ্জুরী ঃ-

ব্যাংকের প্রচলিত বন্ধকী ঋণের আবেদন ফরম এল এফ-২ ব্যবহার করতে হবে। ব্যাংকের প্রচলিত নিয়ম/চেকলিষ্ট অনুযায়ী প্রয়োজনীয় সকল তথ্য ও কাগজপত্রাদি গ্রহণ ও সরেজমিনে তদন্ত পূর্বক মূল্যায়ন ও ঋণ মঞ্জুরীর ব্যবস্থা গ্রহণ করতে হবে। এল এফ-১২ ক মোতাবেক মঞ্জুরীপত্র ইস্যু করতে হবে। মঞ্জুরীপত্রে কৃত্রিম প্রজননকৃত গাভী ক্রয় ও পরিচালন ব্যয় বাবদ মঞ্জুরীকৃত টাকা আলাদাভাবে উল্লেখ করতে হবে ।

(ছ) ঋণের প্রক্রিয়াকরণ ফিঃ-

এ কর্মসূচীর আওতায় ঋণ আবেদন বিবেচনার জন্য প্রযোজ্য হারে তল্লাশী ফি এবং ০.৪০% হারে প্রক্রিয়াকরণ ফি গ্রহণ করতে হবে।

(জ) ঋণ ও ইকুইটি অনুপাতঃ-

গাভীর সেড তৈরী অন্যান্য সরঞ্জামপত্র গ্রাহকের ইকুইটি হিসাবে বিবেচিত হবে। গাভী ক্রয় কিংবা পরিচালন ব্যয় বাবদ অতিরিক্ত অর্থের প্রয়োজন হলে উহা গ্রাহকের নিজস্ব উৎস থেকে বহন করতে হবে ।

(ঝ) ঋণের মেয়াদকালঃ-

প্রথম বিতরনের ১০(দশ)মাস পর থেকে ০৩(তিন)বছরে ৩৬ (ছত্রিশ)টি মাসিক কিস্তিতে এ ঋণ পরিশোধ যোগ্য হবে।

(ঞ) সুদের হারঃ-

এ ঋণের সুদের হার হবে ১২.৫০%,তবে নিয়মিতভাবে ঋনের সকল কিস্তি পরিশোধকারীর ক্ষেত্রে ঋণের সুদের হার হবে ১২.০০%এবং সময়ে সময়ে পরিবর্তিত সুদের হার প্রযোজ্য হবে।

(ট) **বন্ধকী দলিল সম্পাদনঃ-**

ব্যাংকের প্রচলিত নিয়মে নিম্নোক্ত দলিলপত্রাদিসহ বন্ধকী দলিল সম্পাদন করতে হবেঃ-

- বন্ধকী দলিল (এল এফ-১৩) ;
- ডিপি নোট (এল এফ-২০) ;
- হলফনামা (এল এফ-০৯) ;
- অন্যান্য দলিলাদি (প্রযোজ্য ক্ষেত্রে)

(ঠ) **ঋণের হিসাব খাতঃ-**

এই ঋণ মধ্যমেয়াদী ঋণ হিসাবে ১০২ খাতে/সংশ্লিষ্ট কম্পিউটার কোডে হিসাবভুক্ত হবে। ঋন হিসাব মেয়াদ উত্তীর্ণ হলে ১০৮ খাতে/সংশ্লিষ্ট কম্পিউটার কোডে হিসাবভুক্ত হবে।

(ড) **ঋণ বিতরণঃ-**

গ্রাহকের ইকুইটি বিনিয়োগ নিশ্চিত হয়ে ১ম কিস্তিতে ১টি গাভী ক্রয়ের জন্য ঋণের টাকা বিতরনযোগ্য হবে। মঞ্জুরীকৃত ঋণে গাভী ক্রয় নিশ্চিত হওয়ার পর সবুজ ঘাস,সুষম খাদ্য,ভ্যাকসিনেশন চিকিৎসা ও অন্যান্য পরিচালন ব্যয় বাবদ মঞ্জুরীকৃত টাকা বিতরণযোগ্য হবে। শাখা ব্যবস্থাপক ও মাঠকর্মী কর্তৃক গর্ভবতী কৃত্রিম প্রজননকৃত গাভী ক্রয়ের প্রত্যয়নপত্র ঋণ নথিতে সংরক্ষন করতে হবে । প্রত্যয়নপত্রে স্থানীয় প্রাণিসম্পদ কার্যালয়ের সংশ্লিষ্ট রেজিস্টারের পৃষ্ঠা ও ক্রমিক নম্বর উল্লেখ সহ কৃত্রিম প্রজননকৃত গাভীর তথ্য নিশ্চিত করতে হবে।

(ঢ) **কারিগরী ও প্রযুক্তি সহায়তা গ্রহনঃ**

স্থানীয় প্রাণিসম্পদ কার্যালয় থেকে কৃত্রিম প্রজনন সংক্রান্ত তথ্যাদি সংগ্রহ,কৃত্রিম প্রজনন নিশ্চিতকরন,গাভীর সুষম খাদ্য, ভ্যাকসিন প্রদান,চিকিৎসা পরামর্শ গ্রহন ও অন্যান্য প্রয়োজনীয় কারিগরী ও প্রযুক্তি সহায়তা গ্রহন করতে হবে।

(ণ) **তত্ত্বাবধান ও পরিধারণঃ-**

শাখার মাঠকর্মী, শাখা ব্যবস্থাপক নিবিড় তদারকির মাধ্যমে ঋণের ব্যবহার,ঋণ হিসাব পরিচালনা, তত্ত্বাবধান ও পরিধারণ কার্যক্রম পরিচালনা করবেন।

(ত) **পরিদর্শন ও যাচাইঃ-**

নিয়ন্ত্রনকারী কর্তৃপক্ষ শাখা পরিদর্শন কালে এ কর্মসূচীর আওতায় বিতরনকৃত ঋণ সমুহের মঞ্জুরী ও বিতরণের যথার্থতা পরীক্ষা/পর্যালোচনা করবেন এবং বিতরনকৃত ২/১ টি ঋণ কেইস সরেজমিনে পরিদর্শন পূর্বক সদ্ব্যবহার যাচ্ইা করে দেখবেন।

(থ) **বাজেট বরাদ্দঃ-**

অঞ্চল প্রধানগণ এ কর্মসূচীর আওতায় বিশেষ এলাকার গুরুত্ব অনুযায়ী আন্তঃখাত সমন্বয়ের মাধ্যমে শাখাওয়ারী বাজেট বরাদ্ধ করবেন। বরাদ্ধ অনুযায়ী বাজেট ব্যবহার হচ্ছে কিনা তা নিয়ন্ত্রনকারী কর্মকর্তাগণ ৬ মাস অন্তর অন্তর পর্যালোচনা করে দেখবেন।

(দ) **প্রতিবেদন প্রেরণঃ-**

এ কর্মসূচীর আওতায় শাখা কর্তৃক বিতরণকৃত ঋণের শাখা/অঞ্চলওয়ারী অগ্রগতির প্রতিবেদন বিভাগীয় কার্যালয়ের মাধ্যমে নিম্নোক্ত ছকে ত্রৈমাসিক ভিত্তিতে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ করতে হবেঃ-

(লক্ষ টাকায়)

| শাখার নাম/অঞ্চল | ঋণ বিতরণ | | আদায়যোগ্যকিস্তি | | আদায়কৃত কিস্তি | | মেয়াদোত্তীর্ণ কিস্তি | | ঋণস্থিতি |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | সংখ্যা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | সংখা | পরিমাণ | সংখ্যা | পরিমাণ | পরিমান |
| | | | | | | | | | |

০৩। উপরোক্ত নিয়মাচার অনুসরণ করে কৃত্রিম প্রজনন সুবিধা সম্প্রাসারনের মাধ্যমে দুগ্ধ উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃত্রিম প্রজননকৃত দেশীয় উন্নত জাত/শংকর জাতের গাভী পালন ঋণ কর্মসূচি সফলভাবে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৪। উপরোক্ত ঋণ কর্মসূচির পাশাপাশি পরিকল্পনা ও পরিচালন পরিপত্র নং ০৬/২০১২ তারিখ-১০/০৯/২০১২ মোতাবেক দেশীয়/স্থানীয় উন্নত জাতের দুগ্ধবতী গাভী পালনের জন্য ৪০,০০০/- টাকা এবং উন্নত জাতের দুগ্ধবতী গাভী পালনের জন্য ৬০,০০০/- টাকা পর্যন্ত নর্মস ভিত্তিক ঋণদান কর্মসূচি অব্যাহত থাকবে।

০৫। এ বিষয়ে কোন প্রকার সংশয় থাকলে ক্রেডিট বিভাগ-১ এর সাথে যোগাযোগ করার জন্য পরামর্শ দেয়া হলো।

(ড. মোঃ জালাল উদ্দিন)
মহাব্যবস্থাপক
পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ
ফোনঃ ৯৫৮৫৭৮২

নং-প্রকা/ক্রেডিটঃ-১/৩(৭)/২০১৪-১৫/৩৫৭ (২২৫০)
তারিখ ঐ -

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক (প্রশাসন)/(অপারেশন)/(আইসিসি ও আইটিসি) মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়/বিভাগীয় কার্যালয়সমূহ।
৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা।(পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য আইসিটি সিস্টেমস বিভাগকে অনুরোধ করা হলো)।
৫। অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক , মিরপুর, ঢাকা।
৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
৭। উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, আগ্রাবাদ/চট্টগ্রাম/কাওরান বাজার/খুলনা/সিলেট/বনানী/নারায়নগঞ্জ কর্পোরেট শাখাসমূহ।
৮। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
৯। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
১০। সকল শাখা ব্যবস্থাপক( মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।
১১। নথি / মহানথি।

(বশির আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩